দেশ জুড়ে নগদের বিশ্বকাপ উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয়ে, ঢাকা কলেজে তরুণদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ

নিজস্ব প্রতিনিধি

ফুটবল বিশ্বকাপকে ঘিরে দেশের তরুণ প্রজন্ম ও ফুটবলপ্রেমীদের সঙ্গে সম্পৃক্ততা বাড়াতে মাসব্যাপী 'ওয়ার্ল্ড কাপ অ্যাক্টিভেশন' কর্মসূচি শুরু করেছে দেশের শীর্ষ মোবাইল আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান নগদ। বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ও ঢাকা কলেজে উৎসবমুখর আয়োজনের মধ্য দিয়ে এ কর্মসূচির শুরু হয়। দুটো আয়োজনেই শিক্ষার্থীদের স্বতস্ফূর্ত অংশগ্রহন ছিল চোখে পড়ার মতো।

বিশ্বকাপ চলাকালে দেশের ২৭টি জেলায় বহু শিক্ষা প্রতিষ্ঠান, জনসমাগমস্থল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ভেন্যুতে নগদ ব্র্যান্ডেড ক্যারাভানের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হবে। জাতীয় ফুটবল দলের খেলোয়াড় এবং জনপ্রিয় ক্রীড়া ইনফ্লুয়েন্সারদের অংশগ্রহণে বিশ্বকাপের পুরো সময় জুড়ে চলবে এই কার্যক্রম। আয়োজনটিতে দর্শক ও অংশগ্রহণকারীদের জন্য থাকছে বিভিন্ন ইন্টারঅ্যাকটিভ সেশন, স্পোর্টস কুইজ, ফুটবলভিত্তিক গেমস এবং প্লেস্টেশন-৫ গেমিং প্রতিযোগিতা। বিজয়ীদের জন্য রাখা হয়েছে মিনি ফুটবল, নগদ ব্র্যান্ডেড জার্সি, রিস্টব্যান্ডসহ নানা আকর্ষণীয় পুরস্কার।

প্রথম দিনের আয়োজন অনুষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টারদা সূর্যসেন হলের টেনিস কোর্টে। এতে অংশ নেন জাতীয় নারী ফুটবল দলের তারকা খেলোয়াড় মাতসুশিমা সুমাইয়া। তিনি শিক্ষার্থীদের সঙ্গে বিভিন্ন কুইজ, ফুটবলভিত্তিক মজার কার্যক্রম ও গেম শোতে অংশ নেন এবং বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। প্রিয় ফুটবল তারকার সঙ্গে সরাসরি অংশগ্রহণের সুযোগ পেয়ে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যায়। এ আয়োজনে বিপুলসংখ্যক শিক্ষার্থী অংশ নেন এবং বিভিন্ন প্রতিযোগিতায় নিজেদের দক্ষতা প্রদর্শন করেন।

এ সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাজনীন নাহার নিপা বলেন, "ক্যাম্পাসে হঠাৎ এমন জমকালো আয়োজন সত্যিই আমাদের চমকে দিয়েছে। মাতসুশিমা সুমাইয়ার মতো তারকাকে এত কাছ থেকে দেখা এবং ফান ফুটবল ও গেমিং চ্যালেঞ্জে মেতে ওঠাটা ছিল দারুণ এক অভিজ্ঞতা। বিশ্বকাপের এই আমেজ আমাদের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য নগদকে ধন্যবাদ।"

এর আগে একই দিনে ঢাকা কলেজেও অনুষ্ঠিত হয় নগদের বিশ্বকাপ অ্যাক্টিভেশন কর্মসূচি। সেখানে শিক্ষার্থীরা বিভিন্ন স্পোর্টস কুইজ, গেমস ও বিনোদনমূলক কার্যক্রমে স্বতঃস্ফূর্তভাবে অংশ নেন। অংশগ্রহণকারীদের উল্লেখযোগ্য উপস্থিতি ও প্রাণবন্ত অংশগ্রহণ আয়োজনটিকে আরও উৎসবমুখর করে তোলে।

বৈচিত্রময় এই আয়োজন প্রসঙ্গে নগদের হেড অফ মার্কেটিং এইচ ইউ এম মেহেদী সাজ্জাদ বলেন, "ফুটবল বিশ্বকাপের উন্মাদনাকে সারা দেশের মানুষের আরও কাছে পৌঁছে দেওয়া এবং ডিজিটাল আর্থিক সেবার সুবিধাগুলো সবার মাঝে পৌঁছে দেওয়ার লক্ষ্যেই আমাদের এই উদ্যোগ, যেখানে নগদ প্রতিদিন নিরাপদ, সহজ ও দ্রুত আর্থিক সেবার মাধ্যমে মানুষের জীবনকে আরও সহজ ও গতিশীল করে তুলছে।"

বিশ্বকাপের উত্তেজনা সাধারণ গ্রাহকদের মধ্যেও ছড়িয়ে দিতে এই অ্যাক্টিভেশনের বাইরেও বিশেষ কুইজ ও রিচার্জভিত্তিক ক্যাম্পেইন চালু করেছে নগদ। বিশ্বকাপের সময় জুড়ে চলা এ ক্যাম্পেইনের মাধ্যমে অংশগ্রহণকারীরা বিভিন্ন আকর্ষণীয় পুরস্কার জেতার পাশাপাশি বিদেশে জাতীয় ফুটবল দলের একটি আন্তর্জাতিক ম্যাচ সরাসরি স্টেডিয়ামে বসে উপভোগ করার সুযোগও পেতে পারেন।

শাহজালাল মাজারের দানের ডেক সিলগালা, বসলো প্রশাসনের দানবাক্স

সিলেট প্রতিনিধি

সিলেটের হযরত শাহজালাল (রহ.)-এর মাজারে আসা ভক্তদের দানের হিসাব-নিকাশে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে নতুন উদ্যোগ নিয়েছে জেলা প্রশাসন। দীর্ঘদিন ধরে আড়ালে থাকা আয়-ব্যয়ের হিসাবে নজরদারি বাড়াতে মাজারের দানের ডেকগুলোতে (ডেকচি) সিলগালা করে প্রশাসনের তত্ত্বাবধানে নতুন দানবাক্স বসানো হয়েছে। বৃহস্পতিবার বিকেল ৩টার দিকে বড় একটি কেন্দ্রীয় দানবাক্সের পাশাপাশি মাজারের বিভিন্ন স্থানে আরও কয়েকটি ছোট দানবাক্স স্থাপন করা হয়। দানবাক্সগুলোর নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণে আনসার সদস্যদের নিয়োগ দেয়া হয়েছে। একই সঙ্গে মাজার এলাকায় স্থাপিত তিনটি ডেকে সিলগালা করা হয়। এর আগে গত শুক্রবার হযরত শাহজালাল (রহ.) ও হযরত শাহপরান (রহ.) দরগাহর দানবাক্সে তালা দেয় জেলা প্রশাসন। দীর্ঘদিন ধরে এ দুই মাজারের বিপুল আয়-ব্যয়ের হিসাব নিয়ে জনমনে নানা প্রশ্ন থাকায় স্বচ্ছতা প্রতিষ্ঠার লক্ষ্যে এ উদ্যোগ নেয়া হয়। জানা গেছে, পরিকল্পনা মন্ত্রণালয়ের নির্দেশনা এবং সিলেট সিটি কর্পোরেশনের আবেদনের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসন, ওয়াক্ফ এস্টেট, ইসলামিক ফাউন্ডেশন ও মাজার কর্তৃপক্ষের প্রতিনিধিদের নিয়ে একাধিক বৈঠক অনুষ্ঠিত হয়। এসব বৈঠকে মাজারের আর্থিক ব্যবস্থাপনায় অস্পষ্টতা ও নির্ভরযোগ্য হিসাবপত্রের ঘাটতির বিষয়টি সামনে আসে। এরপর আয়-ব্যয়ের হিসাব ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ, নিয়মিত অডিট এবং নির্দিষ্ট নীতিমালার আওতায় পরিচালনার বিষয়ে মতামত দেয়া হয়।

সিলেটের জেলা প্রশাসক মো. সারওয়ার আলম জানান, আগামী এক মাস জেলা প্রশাসনের সমন্বয়ে ওয়াক্ফ এস্টেট ও মাজার কর্তৃপক্ষ যৌথভাবে এ হিসাব সংরক্ষণ করবে। এ সময়ের মধ্যে দানের উৎস, ব্যয়ের খাত এবং প্রশাসনিক ব্যবস্থাপনার বিভিন্ন দিক পর্যালোচনা করে একটি স্বচ্ছ ও জবাবদিহিমূলক কাঠামো গড়ে তোলার উদ্যোগ নেয়া হবে।

অটোরিকশার ভাড়া তদারকিতে মাঠে রাসিকের রাজস্ব বিভাগ

রাজশাহী প্রতিনিধি

রাজশাহী মহানগরীতে কিছু অটোরিকশা চালকের বিরুদ্ধে যাত্রীদের কাছ থেকে নির্ধারিত ভাড়ার চেয়ে বেশি অর্থ আদায়ের অভিযোগের পরিপ্রেক্ষিতে বিষয়টি তদারকিতে মাঠে নেমেছে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) রাজস্ব বিভাগ।

বৃহস্পতিবার রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক) এক গণবিজ্ঞপ্তিতে জানায়, সম্প্রতি রাজশাহী মহানগরীতে চলাচলকারী কিছু অটোরিকশা চালক যাত্রীদের কাছ থেকে নির্ধারিত ভাড়ার অতিরিক্ত অর্থ আদায় করছে মর্মে অভিযোগ পাওয়া গেছে। এ প্রেক্ষিতে স্পষ্টভাবে জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশন অটোরিকশার ভাড়া বৃদ্ধি কিংবা নতুন করে কোনো ভাড়া নির্ধারণ করেনি।

এতে আরও বলা হয়, নগরবাসীকে নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া প্রদান থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। একই সঙ্গে যাত্রীদের কাছ থেকে অতিরিক্ত ভাড়া আদায় থেকে বিরত থাকার জন্য অটোরিকশা চালকদের নির্দেশনা প্রদান করা হয়।

এদিকে ভাড়া সংক্রান্ত বিষয়টি তদারকিতে বৃহস্পতিবার নগরীর বর্ণালী, লক্ষ্মীপুর মোড়সহ বিভিন্ন মোড়ে রাসিকের রাজস্ব বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা অটোরিকশা চালক ও যাত্রীদের সঙ্গে কথা বলেন। এ সময় রাজশাহী সিটি কর্পোরেশন কোনো ভাড়া বৃদ্ধি করেনি বলে তাদের অবহিত করা হয় এবং এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়।

এ সময় রাসিকের প্রধান রাজস্ব কর্মকর্তা আবু সালেহ মো. নূর-ঈ-সাঈদ, রাজস্ব কর্মকর্তা সারোয়ার হোসেন খোকনসহ উপ-যানবাহন শাখার অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ফ্যামিলি কার্ডের আওতায় আসলো রংপুরের ৬৬৫ নারী

রংপুর প্রতিনিধি

ফ্যামিলি কার্ডের আওতায় আসলো রংপুরের পীরগঞ্জের চতরা ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের ৬৬৫ জন নারী। প্রধানমন্ত্রী তারেক রহমান গত বুধবার বিকেলে মৌলভীবাজারের জনসভা থেকে সুইচ টিপে ভার্চুয়ালি ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচি উদ্বোধন করেন। এসময় পীরগঞ্জ উপজেলা পরিষদ মিলনায়তনে উপস্থিত উপকারভোগীদের মোবাইলে ফ্যামিলি কার্ডের টাকা চলে আসে। এ নিয়ে উচ্ছাস প্রকাশ করেন তারা। পরে ভার্চুয়ালি প্রধান অতিথির বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী। এ সময় পীরগঞ্জ উপজেলা পরিষদ মিলনায়তনে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের এমপি জিবা আমিনা খান, স্থানীয় এমপি নুরুল আমিন, রংপুর উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান সামসুজ্জামান সামু, জেলা পরিষদ প্রশাসক সাইফুল ইসলাম, জেলা প্রশাসক মোহাম্মদ রুহুল আমিনসহ জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তা ছাড়াও বিএনপি-জামায়াতের নেতা কর্মীরা। উপকারভোগী রিতা বর্মন বলেন, মোবাইলে আমি টাকা পেয়েছি। প্রতিমাসে এই টাকা পাবো। এতে আমার পরিবারের জন্য অনেক উপকার হবে। বিশেষ করে আমার ছেলেমেয়েরা পুষ্টিহীনতার শিকার। আমি বাচ্চাদের পুষ্টি সমৃদ্ধ খাবার খাওয়াতে পারব। প্রধানমন্ত্রীকে ধন্যবাদ।

ফ্যামিলি কার্ডের টাকা মোবাইলে পেয়েছেন বিধবা সাহারা বানু। তিনি বলেন, স্বামী না থাকায় পরিবার পরিজন নিয়ে খুবই কষ্টে জীবন যাপন করি আমি। যে টাকাটি পেলাম এবং প্রতি মাসে এই টাকাটা পাব। এটা দিয়ে আমার সংসারের অনেক উপকার হলো। এজন্য আমি প্রধানমন্ত্রী তারেক রহমানকে ধন্যবাদ জানাই। তার জন্য দোয়া করি তিনি যেন দীর্ঘায়ু হন।

সাঁওতাল সম্প্রদায়ের এক গৃহবধূ অর্চনা রানী বলেন, আমার দুইটা বাচ্চা স্কুলে পড়াশোনা করে। তাদের ঠিকমতো প্রাইভেট দিতে পারি না। বই জামাকাপড়ও দিতে পারি না। আমি যে টাকাটা প্রতি মাসে পাব সেখান থেকে বাচ্চাদের শিক্ষা খাতে খরচ করব। আর বাকি কিছু টাকা জমাবো। সেই টাকা দিয়ে গরু কিনব। বছর শেষে বিক্রি করব।

অনুষ্ঠানের আয়োজক জেলা বিএনপির আহ্বায়ক ও জেলা পরিষদ সদস্য সাইফুল ইসলাম বলেন, যারা বলেছিল ফ্যামিলি কার্ড দিতে পারবো না। তাদের মুখে চুনকালি পরলো আজ। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, 'সবার আগে বাংলাদেশ, সবার জন্য বাংলাদেশ।' তাই গুপ্তরা যতই ষড়যন্ত্র করুক বাংলাদেশের উন্নয়ন অগ্রগতি ঠেকাতে পারবেনা। পীরগঞ্জে ফ্যামিলি কার্ড দেওয়ার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে সাইফুল ইসলাম বলেন, "অগ্রাধিকার ভিত্তিতে আমি মাননীয় প্রধানমন্ত্রীর কাছ থেকে রংপুরের নারীদের জন্য ফ্যামিলি কার্ডের ব্যবস্থা করে আনব। যাতে নারীরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পারে।" অনুষ্ঠানে উপস্থিত রংপুর উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান শামসুজ্জামান সামু বলেন, বিএনপি তার নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়ন করছে। বিএনপি যে জনগণের দল এর মাধ্যমে সেটা প্রমাণিত হয়েছে। দুর্নীতিমুক্তভাবে বিএনপি নারীদের কাছে এই ফ্যামিলি কার্ড বিতরণ করবে। ফ্যামিলি কার্ডে রংপুরকে বেছে নেয়ার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান তিনি। রংপুর ৬ আসনের এমপি নুরুল আমিন বলেন, ফ্যামিলি কার্ড সরকারের একটি ভালো পদক্ষেপ। আমরা চাই সবার মাঝে এই কার্ড পৌঁছে যাক। অনুষ্ঠানে উপস্থিত বিএনপির সংরক্ষিত মহিলা আসনের এমপি (রংপুর ৬ ও ৫) জিবা আমিনা খান বলেন, ফ্যামিলি কার্ডের মাধ্যমে দেওয়া টাকা নারীরা তাদের পরিবারের পুষ্টি, স্বাস্থ্য, শিক্ষা এবং হাইজিন খাতে ব্যয় করতে পারবে। এতে একটি পরিবার ধীরে ধীরে উন্নত হতে থাকবে। পুরুষের পাশাপাশি নারীর অর্থনৈতিক সক্ষমতা ও বৃদ্ধি পাবে। বর্তমান সরকার পর্যায়ক্রমে দেশের ৪ কোটি নারীর হাতে এই ফ্যামিলি কার্ড পৌঁছে দেবে। রংপুরের জেলা প্রশাসক মোহাম্মদ রুহুল আমিন বলেন, সমাজসেবা মন্ত্রণালয় থেকে প্রথমে চতরা ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের ৮৫৫ জনকে প্রাথমিকভাবে সিলেকশন দেওয়া হয়। পরে সেখান থেকে অতি গুরুত্ব বিবেচনায় ৬৬৫ জনকে চূড়ান্ত হিসেবে এই কার্ড দেওয়া হলো। আজ তারা এ মাসের টাকা পেলেন। এভাবে প্রতি মাসে তারা তাদের মোবাইলে ফ্যামিলি কার্ডের টাকা পেয়ে যাবেন।

কুমিল্লায় লবণের ট্রাক থেকে ১ লাখ ৬০ হাজার ইয়াবা আটক

কুমিল্লা প্রতিনিধি

লবণের বস্তার আড়ালে অভিনব কৌশলে পাচার করা হচ্ছিল বিপুল পরিমাণ ইয়াবা। তবে শেষ রক্ষা হয়নি। কুমিল্লা জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে একটি কাভার্ড ভ্যান থেকে ১ লাখ ৬০ হাজার পিস ইয়াবা উদ্ধার করেছে। উদ্ধারকৃত ইয়াবার আনুমানিক বাজার মূল্য প্রায় ৪ কোটি ৮০ লাখ টাকা। গতকাল বৃহস্পতিবার দুপুরে কুমিল্লার পুলিশ সুপার মো. আনিসুজ্জামান এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। তিনি জানান, মাদকবিরোধী চলমান অভিযানের অংশ হিসেবে ডিবি পুলিশের একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে একটি কাভার্ড ভ্যানে তল্লাশি চালায়। প্রথমে ভ্যানটিকে সাধারণ পণ্যবাহী যান বলে মনে হলেও পরে বিস্তারিত তল্লাশিতে চাঞ্চল্যকর তথ্য বেরিয়ে আসে।

তিনি বলেন, কাভার্ড ভ্যানটিতে বিপুল পরিমাণ লবণের বস্তা বোঝাই করা ছিল। এসব বস্তার আড়ালে এবং গাড়ির ছাদের একেবারে উপরের অংশে বিশেষ কৌশলে ইয়াবার চালান লুকিয়ে রাখা হয়েছিল। ডিবি পুলিশের সদস্যরা দীর্ঘ সময় ধরে তল্লাশি চালিয়ে সেখান থেকে ১ লাখ ৬০ হাজার পিস ইয়াবা উদ্ধার করেন।

চট্টগ্রামে শুল্ক ফাঁকি দেয়া ১ ট্রাক ইলেকট্রনিক্স পণ্যসহ আটক ২

চট্টগ্রাম ব্যুরো

নগরীর পতেঙ্গায় বাণিজ্যিক জাহাজ থেকে শুল্ক ফাঁকি দিয়ে অবৈধভাবে নামানো এক ট্রাক ইলেকট্রনিক্স পণ্যসহ দুই চোরাকারবারিকে আটক করেছে কোস্টগার্ড।

বৃহস্পতিবার (১৮ জুন) ভোররাতে পতেঙ্গার ১০ নম্বর ঘাট এলাকায় অভিযান চালিয়ে এসব ইলেকট্রনিক্স পণ্যসহ দু'জনকে আটকের সত্যতা নিশ্চিত করেছেন কোস্টগার্ড পূর্ব জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার বিএন সুমন আল মুকিত।

তিনি জানান, একটি অসাধু চক্র পতেঙ্গা ১০ নম্বর ঘাটে নোঙর করা একটি বাণিজ্যিক জাহাজ থেকে অবৈধভাবে শুল্ক ফাঁকি দিয়ে বিপুল পরিমাণ ইলেকট্রনিক্স পণ্য খালাস করে পাচারের চেষ্টা করছে- এমন গোপন সংবাদের ভিত্তিতে কোস্টগার্ডের একটি দল সেখানে বিশেষ অভিযান পরিচালনা করে।

অভিযান চলাকালে সন্দেহভাজন একটি ট্রাক থামিয়ে তল্লাশি চালায় কোস্টগার্ড। এ সময় ট্রাকটি থেকে আনুমানিক ১০ লাখ ৫২ হাজার ৮০০ টাকা মূল্যের চোরাই ইলেকট্রনিক্স সামগ্রী জব্দ করা হয়। জব্দকৃত পণ্যের মধ্যে রয়েছে- একটি রেফ্রিজারেটর, একটি ডিপ ফ্রিজ, দু'টি ওয়াশিং মেশিন, একটি পোর্টেবল এসি, চারটি ফুল ইউনিট এসি এবং একটি আউটডোর এসি।

একই সঙ্গে চোরাচালানের কাজে ব্যবহৃত ট্রাকটি জব্দ এবং এর সঙ্গে জড়িত দুই চোরাকারবারিকে আটক করা হয়। কোস্টগার্ডের পক্ষ থেকে জানানো হয়েছে, জব্দকৃত মালামাল ও আটককৃত ব্যক্তিদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। দেশের অর্থনৈতিক ক্ষতি সাধনে লিপ্ত এমন চোরাচালান চক্রের বিরুদ্ধে কোস্টগার্ডের এই ধরনের কঠোর অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

খুলনায় গৃহকর্মী নির্যাতনের ঘটনায় সেই পুলিশ দম্পতি কারাগারে

খুলনা প্রতিনিধি

খুলনায় গরম কড়াই দিয়ে ছ্যাঁকা দিয়ে গৃহকর্মীকে নির্যাতনের ঘটনায় পুলিশের সহকারী উপ-পরিদর্শক (এএসআই) সঞ্জয় মিত্র ও তার স্ত্রী এএসআই পপি মিত্রকে কারাগারে পাঠানো হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে পুলিশ তাদের আদালতে হাজির করলে শুনানি শেষে বিচারক তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন। এর আগে বৃহস্পতিবার সকাল ৭টার দিকে নরসিংদী থেকে খুলনায় এসে গৃহকর্মী মিলন দাসের মা বাদী হয়ে নগরীর সোনাডাঙ্গা থানায় তাদের বিরুদ্ধে মামলা দায়ের করেন।

নগরীর সোনাডাঙ্গা থানার ওসি মো. রফিকুল ইসলাম জানান, ভোরে ভুক্তভোগীর মা নরসিংদী থেকে খুলনায় এসে সকাল ৭টার দিকে থানায় মামলা করেন। মামলার পর এএসআই সঞ্জয় মিত্র ও তার স্ত্রী এএসআই পপি মিত্রকে গ্রেপ্তার করা হয়। দুপুর ২টার দিকে আদালতে হাজির করা হলে বিচারক তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন। এছাড়া নির্যাতনের শিকার গৃহকর্মীকে চিকিৎসার জন্য খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। উল্লেখ্য, গত বুধবার বেলা ১২টার দিকে নগরীর সোনাডাঙ্গায় একটি চারতলা বাড়ির বারান্দায় একজন কিশোরীকে একাধিকবার কানধরে উঠবস করানো হচ্ছিল। উঠবসে দেরি হলে তাকে লাঠি দিয়ে আঘাত করা হচ্ছিল। এ সময় তাকে গরম কড়াই দিয়ে ছ্যাঁকা দিতেও দেখা যায়। এই দৃশ্য দেখে একজন সংবাদকর্মী ও তিনজন সামাজিক সংগঠনের নেত্রী দ্রুত ওই বাড়ির ভেতরে ঢোকার চেষ্টা করলে তাদের বাধা দেওয়া হয়। প্রায় দেড় ঘণ্টা পর তারা ৯৯৯ নম্বরে কল দিয়ে পুলিশ নিয়ে বাড়ির ভেতরে প্রবেশ করে নির্যাতনের শিকার গৃহকর্মীকে উদ্ধার করেন। এসময় ওই পুলিশ দম্পতিকে থানা হেফাজতে নেওয়া হয়। সর্বশেষ বৃহস্পতিবার সকালে এই ঘটনায় মামলা দায়েরের পর তাদের গ্রেপ্তার দেখিয়ে আদালতে সোপর্দ করা হয়।

তরকারি পুড়ে যাওয়ায় গৃহকর্মীকে গরম কড়াইয়ের ছ্যাঁকা, থানা হেফাজতে পুলিশ দম্পতিতরকারি পুড়ে যাওয়ায় গৃহকর্মীকে গরম কড়াইয়ের ছ্যাঁকা, থানা হেফাজতে পুলিশ দম্পতি স্থানীয়দের অভিযোগ, হাত থেকে তরকারি পড়ে যাওয়াকে কেন্দ্র করে গৃহকর্মীর ওপর নির্যাতন চালান গৃহকর্মী। এছাড়া এএসআই সঞ্জয় মিত্র ও তার স্ত্রী পপি মিত্র প্রায়ই ওই গৃহকর্মীর ওপর শারীরিক নির্যাতন চালাতেন। ভুক্তভোগীর শরীরের বিভিন্ন স্থানে পুরনো আঘাতের চিহ্নও রয়েছে।

সড়ক দুর্ঘটনায় একসঙ্গে প্রাণ গেল বাবা-ছেলের

নিজস্ব প্রতিনিধি

ঢাকার নবাবগঞ্জ উপজেলায় অজ্ঞাত গাড়ির ধাক্কায় মোটরসাইকেল দুর্ঘটনায় বাবা-ছেলের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) দুপুরে উপজেলার হাড়ভাঙা সেতুর ঢালে আঞ্চলিক সড়কে এই দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- উপজেলার নয়নশ্রী ইউনিয়নের চরশৈলল্যা গ্রামের মৃত আব্দুস সামাদ মৃধার ছেলে হারুন মৃধা (৪৫) ও তার ছেলে সাদ (১৪)।

প্রাথমিক তদন্তের বরাত দিয়ে পুলিশের উপ-পরিদর্শক কামরুজ্জামান জানান, সকালে হারুন তার ছেলেকে সঙ্গে নিয়ে মোটরসাইকেল চালিয়ে গালিমপুরের দিকে যাচ্ছিলেন। দুপুরে সেখান থেকে ফেরার পথে তারা দুর্ঘটনার কবলে পড়েন। এসময় অজ্ঞাত একটি গাড়ির ধাক্কায় তারা মোটরসাইকেল থেকে ছিটকে পড়েন বলে ধারণা করা হচ্ছে।

পরে স্থানীয়রা গুরুতর আহত অবস্থায় তাদের উদ্ধার করে দ্রুত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে দায়িত্বরত চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন।

নবাবগঞ্জ থানার ওসি মো.আবু হানিফ বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত করা হয়নি। মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

বরিশালে পুষ্টি সমন্বয় কমিটির সভা

বরিশাল প্রতিনিধি

'ট্রান্সফর্মিং লাইভস্ থ্রু নিউট্রিশন' প্রকল্পের সহযোগিতায় পুষ্টি সমন্বয় কমিটির এক সভা গতকাল জেলায় অনুষ্ঠিত হয়েছে। বরিশাল জেলা পুষ্টি সমন্বয় কমিটির আয়োজনে আজ সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক সালমা পারভীন সভায় সভাপতিত্ব করেন। সালমা পারভীন বলেন, ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ ও মেধাবী হিসেবে গড়ে তুলতে গর্ভবতী মায়েদের পুষ্টিসমৃদ্ধ খাবার নিশ্চিত করতে হবে। জন্মের পর যেসব শিশুরা শারীরিক প্রতিবন্ধকতায় ভোগে তাদের অধিকাংশই পুষ্টিহীনতার শিকার। গর্ভকাল থেকেই মায়ের সুষম খাদ্য গ্রহণ, নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং প্রয়োজনীয় পুষ্টি সম্পর্কে সচেতনতা বাড়ানো জরুরি বলেও তিনি উল্লেখ করেন। তিনি বলেন, অপুষ্টি শুধু ব্যক্তি নয়, একটি দেশের সামগ্রিক উন্নয়নেও নেতিবাচক প্রভাব ফেলে। পুষ্টি নিশ্চিত করতে সরকারের সংশ্লিষ্ট দপ্তরের কার্যকর ভূমিকা পালনের পাশাপাশি পরিবারের সদস্যদের এ বিষয়ে সচেতন হতে হবে। সচেতনতা বৃদ্ধি এবং পুষ্টিকর খাদ্যের সহজলভ্যতা নিশ্চিত করা গেলে একটি সুস্থ, সবল ও কর্মক্ষম প্রজন্ম গড়ে তোলা সম্ভব হবে। সভায় শুভেচ্ছা বক্তৃতা দেন, বরিশাল জেলা সিভিল সার্জন ডা. এস.এম. মনজুর-এ-এলাহী। এসময় মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক মেহেরুন নাহার মুন্নি, জেলা প্রশাসনের সহকারী কমিশনার রাজন রায়, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

কুমিল্লা বোর্ডে ৮ কলেজে এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা শূন্য

কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় আটটি কলেজ থেকে কোনো শিক্ষার্থীই অংশ নিতে পারছে না। এর মধ্যে চারটি কলেজে কোনো নিবন্ধন হয়নি এবং বাকি চারটিতে নিবন্ধিত শিক্ষার্থীরা পরীক্ষার যোগ্যতা অর্জন করতে ব্যর্থ হয়েছে। ঘটনাটি নিয়ে শিক্ষা প্রশাসন ও সংশ্লিষ্ট মহলে উদ্বেগ দেখা দিয়েছে। কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, শূন্য পরীক্ষার্থী থাকা প্রতিষ্ঠানগুলোর মধ্যে চারটি ব্রাহ্মণবাড়িয়া জেলার, তিনটি কুমিল্লা জেলার এবং একটি ফেনী জেলার। কলেজগুলো হলো-ফেনীর নোবেল কলেজ; কুমিল্লার বেগম জহুরা মহিলা কলেজ, যাইটশালা আদর্শ উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজ ও সিসিএন মডেল কলেজ; এবং ব্রাহ্মণবাড়িয়ার সাতগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজ, কৃষ্ণনগর আব্দুল জব্বার স্কুল অ্যান্ড কলেজ, তিতাস মডেল কলেজ ও উলুকান্দি কলেজ। চলতি বছর কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে কুমিল্লা, নোয়াখালী, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর ও লক্ষ্মীপুর জেলার মোট ৪৬৪টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ৯৪ হাজার ৮০২ জন শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ৫৭ হাজার ১৯৬ জন ছাত্রী এবং ৩৭ হাজার ৬০৬ জন ছাত্র রয়েছে।



ইউজিসি মেধাবৃত্তি পেলেন বাকৃবির ৬ শিক্ষার্থী

সিলেট প্রতিনিধি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক মনোনীত মেধাবৃত্তি লাভ করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ৬টি অনুষদের ৬ মেধাবী শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের চতুর্থ বর্ষে অধ্যয়নরত নিজ নিজ অনুষদে প্রথমস্থান অর্জনকারি শিক্ষার্থীরা এই গৌরবময় বৃত্তি লাভ করে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. একে ফজলুল হক ভূঁইয়ার কাছ থেকে শিক্ষার্থীরা আনুষ্ঠানিকভাবে এই বৃত্তির চেক গ্রহণ করেন। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন, ভেটেরিনারি অনুষদের বায়েজিদ আলম, কৃষি অনুষদের খালিদ হাসান, এনিমেল হাজবেন্ড্রি অনুষদের জামিল হোসেন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের যুথি দত্ত, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের শাদমান জামান রোহিত এবং মাৎস্য বিজ্ঞান অনুষদের গোলাম সাকলায়েন আনাস।

এ সময় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জনপ্রতি ২৬ হাজার টাকা করে সর্বমোট ১ লাখ ৫৬ হাজার টাকা বিতরণ করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক